

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১০ যিলহজের আমলসমূহে ধারাবাহিকতা রক্ষা না হলে অসুবিধা নাই

৮৯- জাবের রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পশু যবেহ করলেন, 'অতপর মাথা মুগুন করলেন।'

৯০- 'কুরবানীর দিন মিনাতে' মানুষের প্রশ্নোত্তরের জন্য বসলেন, 'সে দিনের' আমলগুলোতে 'আগে পরে হয়েছে 'এমন বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেছেন,

«لاً حَرْجَ لاً حَرْجَ»

'কোন সমস্যা নেই, কোন সমস্যা নেই'।

৯১- এক ব্যক্তি এসে বললেন, আমি যবেহ করার পূর্বে মাথা মুণ্ডন করে ফেলেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

«وَلاَ حَرَج»

'কোনো সমস্যা নেই।'

৯২- অন্য একজন এসে বললেন, 'আমি কঙ্কর নিক্ষেপের পূর্বে মাথা মুণ্ডন করেছি, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

«لاً حَرَجَ»

'কোন সমস্যা নেই।'

৯৩- 'আরেক জন বললেন, আমি কঙ্কর নিক্ষেপের পূর্বে তাওয়াফ করেছি, তিনি বললেন,

«لاً حَرَجَ»

'কোন সমস্যা নেই।'

৯৪- 'অন্য আরেক ব্যক্তি এসে বলল, আমি পশু যবেহের আগে তাওয়াফ করেছি। তিনি বললেন, যবেহ কর।

«لاً حَرَجَ»

'কোন সমস্যা নেই।'

৯৫- অন্য আরেক ব্যক্তি এসে বললেন, 'আমি কঙ্কর নিক্ষেপের পূর্বে পশু যবেহ করেছি। তিনি বললেন,

«ارْم، وَلاَ حَرَجَ»



'নিক্ষেপ কর। কোন সমস্যা নেই।'

৯৬- 'অতপর আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

«قَدْ نَحَرْتُ هَهُنَا وَمِنِّي كُلُّهَا مَنْحَرُّ»

'আমি এখানে যবেহ করলাম, আরা মিনা পুরোটাই যবেহের স্থান।'[®]

৯৮- فانحروا من رحالكم 'অতএব, তোমরা তোমাদের অবস্থানস্থলে পশুসমূহ থেকে যবেহ কর।'

ফুটনোট

- [1]. মুসনাদে আহমদ।
- [2]. **ইবন মাজাহ্**।
- [3]. ইবন মাজাহ_।
- [4]. ইবন মাজাহ_।
- [5]. দারমী, ইবন মাজাহ্।
- [6]. তাহাবী।
- [7]. মুসনাদে আহমদ।
- [8]. মুসনাদে আহমদ।
- [9]. আবূ দাউদ।
- [10]. মুসলিম ı

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7372

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন